



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
আই ল্যাব
www.a2i.gov.bd

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.০১৬.৯৯.০০০২.২০.২৫

বিষয়: এটুআই ইনোভেশন ফান্ড এর আওতায় অনুষ্ঠিত প্রেগন্যান্সি মনিটরিং ইনোভেশন চ্যালেঞ্জ ২০২২ প্রতিযোগিতার একটি উদ্ভাবনী উদ্যোগের চুক্তি অকার্যকর ঘোষণা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে উদ্ভাবনী সংস্কৃতির বিকাশে জাতীয় পর্যায়ে উদ্ভাবনী সংস্কৃতির বিকাশ, উদ্ভাবকদের দক্ষতা উন্নয়ন এবং উদ্ভাবনকে টেকসইকরণে অংশীদারিত্ব স্থাপনের লক্ষ্যে এটুআই বিগত সময়ে বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগকে কারিগরি ও আর্থিক সহায়তা প্রদান করে আসছে। গর্ভবতী নারীর প্রসবকালীন পর্যবেক্ষণ নিশ্চিতকল্পে স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর সাথে ২০২২ সালে 'প্রেগন্যান্সি মনিটরিং ইনোভেশন চ্যালেঞ্জ ২০২২' প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতা হতে যাচাই বাছাই এর মাধ্যমে "ডিজিটাল মাতৃত্ব" এবং "মা ও নবজাতকের স্বাস্থ্য উন্নয়নে প্রযুক্তির ব্যবহার" শীর্ষক ০২টি প্রস্তাবনা নির্বাচিত হয় এবং সংশ্লিষ্ট ইনোভেটরদের সাথে অর্থায়নের চুক্তি সম্পাদিত হয়।

২। পরবর্তীতে নির্বাচিত দুটি উদ্ভাবনী উদ্যোগের মধ্যে 'মা ও নবজাতকের স্বাস্থ্য উন্নয়নে প্রযুক্তির ব্যবহার' শীর্ষক উদ্যোগটি নির্ধারিত সময়সীমার মধ্যে কার্যক্রম শুরু করতে ব্যর্থ হয়। বিষয়টি গত ১২ মার্চ ২০২৫ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এটুআই ইনোভেশন ফান্ডের নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করা হলে, বিস্তারিত পর্যালোচনা শেষে উদ্যোগটির সাথে সম্পাদিত চুক্তি বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, এটুআই ইনোভেশন ফান্ডের নির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক, 'প্রেগন্যান্সি মনিটরিং ইনোভেশন চ্যালেঞ্জ ২০২২' কম্পিটিশন হতে নির্বাচিত "মা ও নবজাতকের স্বাস্থ্য উন্নয়নে প্রযুক্তির ব্যবহার" শীর্ষক উদ্ভাবনী উদ্যোগটির ইনোভেটরের সাথে সম্পাদিত চুক্তি অকার্যকর ঘোষণা করা হলো।

০৩-০৬-২০২৫

মোঃ রশিদুল মান্নাফ কবীর
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) (অতিরিক্ত দায়িত্ব)
৫৫০০৬৯৩১
pd@a2i.gov.bd

নির্বাহী পরিচালক

আইসিডিডিআরবি (মা ও নবজাতকের স্বাস্থ্য উন্নয়নে প্রযুক্তির ব্যবহারের উদ্ভাবক)।

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.০১৬.৯৯.০০০২.২০.২৫/১ (৪)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর।
- ২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

- ৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৪। অফিস কপি, এটুআই প্রোগ্রাম।



A handwritten signature in blue ink, appearing to be 'R. M. K.' with a horizontal line through it.

০৩-০৬-২০২৫

মোঃ রশিদুল মান্নাফ কবীর
প্রকল্প পরিচালক (যুগাসচিব) (অতিরিক্ত দায়িত্ব)